# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১৯. কোন ফরয নামায পড়ার পর পরই সেখানেই অন্য কোন নফল বা সুন্নাত নামায আদায় করা

মু’আবিয়া (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تُوْصِلْ صَلاَةً بِصَلاَةٍ ؛ حَتَّى تَتَكَلَّمَ أَوْ تَخْرُجَ

“কোন সুন্নাত কিংবা নফল নামায কোন ফরয নামায পড়ার পর পরই তার সাথে মিলিয়ে পড়ো না যতক্ষণ না তুমি কোন কথা বলবে অথবা মসজিদ থেকে বের হয়ে যাবে”।[1]

মু’আবিয়া (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا صَلَّى أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلاَ يُصَلِّ بَعْدَهَا شَيْئًا ؛ حَتَّى يَتَكَلَّمَ أَوْ يَخْرُجَ

“তোমাদের কেউ জুমু’আর নামায পড়লে সে যেন এর পর পরই অন্য কোন নামায না পড়ে যতক্ষণ না সে কোন কথা বলে অথবা মসজিদ থেকে বের হয়ে যায়”।[2]

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৮৮৩ আবু দাউদ, হাদীস ১১২৯)

[2] (মুসলিম, হাদীস ৮৮৩ আবু দাউদ, হাদীস ১১২৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11369

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন